

রাজধানীর শাহবাগে পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের বিক্ষোভে পুলিশের বাধা দেওয়ার ঘটনা ঘটেছে। সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা নেওয়া, সব ধরনের অতিরিক্ত ফি প্রত্যাহার করাসহ চার দফা দাবিতে গতকাল রোববার দেশের বিভিন্ন ইনস্টিটিউটের শিক্ষার্থীরা শাহবাগ মোড় অবরোধ করলে তাতে লাঠিচার্জ করেছে পুলিশ। এ সময় পুলিশের সঙ্গে অসদাচরণের অভিযোগে মেহেদী হাসান রিমন, নাওহিদ আলম দিহান, মো. সোহেল ও জান্নাতুল ফেরদৌসকে আটক করা হয়।

জাসদ ছাত্রলীগ ও ছাত্র ফ্রন্টের নিন্দা :পলিটেকনিক শিক্ষার্থীদের আন্দোলনে পুলিশের লাঠিচার্জ ও গ্রেপ্তারের ঘটনায় নিন্দা জানিয়েছে জাসদ ছাত্রলীগ ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট। গতকাল পৃথক বিবৃতিতে জাসদ ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদের আহ্বায়ক তৌফিক উজ্জামান পীরাচা ও যুগ্ম আহ্বায়ক জাসেম আলম এবং ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সভাপতি আল কাদেরী জয় ও সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্স ওই ঘটনার নিন্দা জানান।